# আগস্ট/২০১৯ মাসের দিনাজপুর সদর উপজেলার এনজিও কর্ম তৎপরতা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর।
সভার তারিখ ঃ ২৬/০৮/২০১৯ খ্রিঃ।
সময় ঃ ১১.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক'- তে সন্নিবেশিত হল ঃ

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্য-বিবরণী সভায় পাঠ করে শুনানো হয়।

আলোচনা ঃ বিবেচ্য মাসে দিনাজপুর সদর উপজেলাধীন কোন এনজিও/সংস্থা মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে সংস্থার পরিচিতি ও দিনাজপুর সদর উপজেলায় তাদের কর্ম পরিচালনার বিবরণ উপস্থাপন করেন নাই। সভাপতি গত মাসের প্রতিবেদন পরর্বতী মাসের ১ হতে ৭ তারিখের মধ্যে দাখিলের বিষয়ে উপস্থিত সকলকে অনুরোধ করেন।

## নিম্নে দিনাজপুর সদর উপজেলার এনজিও সমূহের আগস্ট/২০১৯ মাসের মাসিক প্রতিবেদন বাস্তবায়িত প্রকল্পের তথ্যাবলী প্রদত্ত হলোঃ

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| এফপিএবি | (১) স্বাস্থ্য কার্যক্রম<br>(২) চিকিৎসা প্রদান কার্যক্রম | বিবেচ্য মাসে স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ- ০৫ জন এবং নারী- ০৩ জন।<br>বিবেচ্য মাসে সাধারণ রোগের চিকিৎসা সেবা প্রদান করা হয় ১০৫৪ জনকে এবং ৪টি পরিবার উন্নয়ন কেন্দ্রে ৮০০০/- টাকার বিনা মূল্যে ঔষধ প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| মেরী স্টোপস ক্লিনিক | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br>(২) নিরাপদ এমআর করণ | বিবেচ্য মাসে প্রসবকালীন স্বাস্থ্য সেবা দেওয়া হয় ৪৫ জনকে এবং যৌন সংক্রমন চিকিৎসা সেবা দেওয়া হয় ৫০ জনকে।<br>বিবেচ্য মাসে ৮৫ জনকে নিরাপদ এমআর সেবা প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| আমইর চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২৪৫ | (১) শিক্ষা কার্যক্রম<br>(৩) পুষ্টিকর খাবার প্রদান<br>(৩) সংস্কৃতিক কার্যক্রম | ১৮৯ জন শিশু দিনাজপুরের মোট ৮টি স্কুলে পড়াশুনা করছে। ১৮৯ জন শিশুর মাঝে খাতা, কলম, রাবার ও কাটার প্রাদান করা হয়।<br>১৮৯ জন শিশুকে সপ্তাহে ৩ দিন খাবার তালিকা অনুযায়ী ভাত, ডিম, মাছ, মাংশ, ডাল ও ফল খাওয়ানো হয়।<br>৫৬ জন শিশুকে সপ্তাহে ৩ (তিন) দিন নাচ ও গান শিখানো হয়। | দিনাজপুর সদর। | |
| পিএসটিসি | ❖ হেলথ কার্যক্রম | বিবেচ্য মাসে এইচআইভ/এইডস বিষয়ে জ্ঞান বৃদ্ধির জন্য সমাজের ঝুকিপূর্ণ তরুনদের সামাজিক সংহতি শেখার জন্য উঠান বৈঠক সম্পন্ন হয়েছে ১৮টি। অংশগ্রহণকারী পুরুষ- ২২০জন, মহিলা-১৪০ জন।<br>এছাড়া বিবেচ্য মাসে সরকারি সেবাদানকারী প্রতিষ্ঠানে রোগী রেফার করা হয়েছে মোট-৮৭ জন। পুরুষ-৩১জন, নারী- ৫৬ জন। | দিনাজপুর সদর | |

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ডেমক্রেসিওয়াচ | ❖ নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন<br><br>❖ সভা কার্যক্রম | নির্বাচাতি নারী জন-প্রতিনিধিরা স্থানীয় সেবার মান উন্নয়নে এবং দারিদ্র দূরীকরনে জনগনের কাছে দায়বদ্ধ থেকে সাবেক এবং ভবিষৎ নারী প্রতিনিধিদের / নেতৃত্বকে সঙ্গে নিয়ে নারী ক্ষমতায়নে সুনির্দিষ্ট ভূমিকা রাখবে।<br>স্থানীয় সেবাদানকারী প্রতিষ্ঠানের সাথে ত্রৈমাসিক সভা করা হয়। অশংগ্রহণকারী মোট- ১৩৫জন। পুরুষ ৯০জন, নারী ৪৫ জন। | দিনাজপুর সদর | |
| সনাক | (১) শিক্ষা কার্যক্রম<br><br>(২) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | ➢ বিবেচ্য মাসে প্রাতিষ্ঠানিক স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরা প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন, এসএমসিকে আরও কার্যকর করা, বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক স্বল্পতা, অবকাঠামোগত সমস্য ও সমস্যার সমাধান, তথ্য প্রদানের রেজিষ্ট্রার চালু রাখা, বিদ্যালয় উপবৃত্তি পাওয়ার শর্তসমূহ প্রদর্শন, এসএমসি সদস্যদের তালিকা ফোন নম্বরসহ বিদ্যালয়ের সামনে ঝুলানো এবং বার্ষিক বাজেট ও খরচের হিসাব জনসম্মুখে প্রকাশসহ সকল বিদ্যালয়ে একটিভ মাদারস ফোরাম গঠণের লক্ষ্যে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্তৃপক্ষের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।<br>➢ বিবেচ্য মাসে সেবার মানোন্নয়নের লক্ষ্যে ও বিভিন্ন সময়ে হাসপাতালের সেবা সম্পর্কিত সেবাগ্রহীতাদের বিভিন্ন অভিযোগ তুলে ধরে সমাধানের উদ্দেশ্যে সনাকে'র তত্বাবধায়কের সভাকক্ষে হাসপাতাল কর্তৃপক্ষের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। | দিনাজপুর সদর | |
| নুরমিশন বাংলাদেশ | (১) ল্যাট্রিন বিতরণ<br><br>(২) শিক্ষা কার্যক্রম | বরাদ্দ না আসায় বিবেচ্য মাসে কার্যক্রম ছিল না।<br><br>বিবেচ্য মাসে উচ্চ শিক্ষা সহায়তা প্রদান ও নার্সিং/বিডিএস সহায়তা প্রদান কোয়াটারলী ভিত্তিতে বাস্তবায়ন করা হয়। | দিনাজপুর সদর। | |
| দি লেপ্রসী মিশন বাংলাদেশ | (১) স্যানিটেশন কার্যক্রম<br><br>(২) প্রতিবন্ধী কার্যক্রম<br><br>(৩) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br><br>(৪) প্রশিক্ষণ কার্যক্রম | বিবেচ্য মাসে স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারে সদস্যদের বিভিন্ন মুখী কর্মের মাধ্যমে উদ্বুদ্ধকরণ ও সচেতনতা বৃদ্ধি করা হয়।<br><br>বিবেচ্য মাসে কুষ্ঠ ও অন্যান্য শারিরীক প্রতিবন্ধীদের নিয়ে দল গঠন ও শক্তিশালীকরণ কার্যক্রম চলমান রয়েছে মোট ২৬ টি দল চলমান আছে। যার সদস্য সংখ্যা ২৭১ জন।<br><br>বিবেচ্য মাসে ২৩ জন নতুন সন্দেহভাজন রোগী হাসপাতালে প্রেরণ করা হয় এবং তাদের মধ্যে ০৫ জন কুষ্ঠ রোগী সনাক্ত করা হয়।<br><br>বিবেচ্য মাসে প্রতিবন্ধী সদস্য ও তাদের পরিবারের সদস্যদের সমাজ ভিত্তিক কারিগরী প্রশিক্ষনের মাধ্যমে জীবন জীবিকার মান উন্নয়ন সহায়তাকরণ সর্ম্পকে অবহিত করা হয় | দিনাজপুর সদর | |
| ব্র্যাক | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে ক্ষুদ্র মহিলা ঋণ দেওয়া হয় ১০২৬ জন কে ৩,৮০,২০,০০০/- টাকা এবং কৃষি ঋণ দেওয়া হয় ১৫৬ জনকে ২,১৮,১০,০০০/- টাকা।<br>বিবেচ্য মাসে চলমান ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ০৫ টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ১৪৫ জন। শিক্ষকদের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান চলতি মাসে ২ জনকে দেওয়া হয় এবং এ পর্যন্ত ৩০টি স্কুলের ১২৪০ জন ছাত্র-ছাত্রীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে। | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা |

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| | (৩) স্যানিটেশন কার্যক্রম | বিবেচ্য মাসে গ্রাম ওয়াশ কমিটির মিটিং ০১টি অনুষ্ঠিত হয় এবং এ পর্যন্ত ১৭১ টি ওয়াটশন মিটিং অনুষ্ঠিত হয়েছে। ৩৬ টি স্কুলে স্যানিটেশন তৈরি করে দেওয়া হয়েছে এবং স্যানিটেশন মাস অক্টোবর/১৮ মাসব্যাপি উদযাপন করা হয়েছে। | | হলো। |
| | (৪) বনায়ন কার্যক্রম | বিবেচ্য মাসে ১৫০৫০ টি চারা বিক্রয়ের মাধ্যমে পরিবেশ ও বনায়নে সহায়তা করা হয়েছে। এছাড়া কৃষি প্রযুক্তি ও বৃক্ষ মেলা ২০১৯ ব্র্যাক অংশগ্রহণ করে ১ম স্থান অধিকার করেছে। | | |
| | (৫) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন | চলতি মাসে ০৩ টি পরিবারকে এবং ২০১৯ইং অর্থবছরে ২৪টি পরিবারকে নির্যাতন হতে প্রতিরোধ করা হয়েছে। | | |
| | (৬) প্রতিবন্ধী কার্যক্রম | বিবেচ্য মাসে ব্র্যাক স্কুলে ৮৫ জন প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের ভর্তি করে সকল প্রকার সযোগ সুবিধা দিয়ে আসছে। বিশ্ব প্রতিবন্ধী দিবস/২০১৯ পালন করা হয়েছে। | | |
| | (৭) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে গর্ভকালীন সেবা প্রদান করা হয় ১২৪৫ জনকে এবং ২০১৯ অর্থ বছরে ৯৯১৫ জনকে সেবা প্রদান করা হয়। | | |
| | (৮) কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে কৃষি প্রযুক্তি ব্যবহার করে ২০০ কেজি, ২০১৯ অর্থ বছরে ১৬০০কেজি রবি ও খরিপ মৌসুমী সবজিবীজ যেমন লাউ, মুলা, শিম, শসা, মিষ্টি কুমড়া ইত্যাদি উৎপাদন করা হয়েছে। | | |
| | (৯) প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা | ব্র্যাক দিনাজপুর সদর বিবেচ্য মাসে জেলা প্রশাসনের সাথে যৌথভাবে বিশ্ব পরিবেশ দিবশ/২০১৯ এবং জাতীয় দুর্যোগ প্রশমন দিবস/২০১৯ পালন করেছে। | | |
| | (১০) প্রশিক্ষণ | বিবেচ্য মাসে লার্নিং সেন্টার মাধ্যমে ১০০ জন ব্র্যাক উপকারভোগী কর্মী/কর্মকর্তাকে এবং ৪৭৫ জন অন্যান্য প্রতিষ্ঠানের কর্মী/কর্মকর্তাকে প্রশিক্ষণ দেওয়া হয়। | | |
| | (১১) নৃত্তাত্তিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়ন। | বিবেচ্য মাসে নৃত্তাতিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন ও ক্ষমতায়নে ব্র্যাক স্কুলে ২৫৫ জন ছাত্র/ছাত্রীদের ভর্তি করে সকল প্রকার সুযোগ সুবিধা দিয়ে আসছে। | | |
| | (১২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | ব্র্যাক দিনাজপুর সদর উপজেলায় মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর এবং জেলা প্রশাসনের সাথে যৌথভাবে মাদক বিরোধী এবং ধূমপান মুক্ত দিবস ২০১৯ পালন করেছে। | | |
| **মশীহপাড়া চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২২৫** | (১) সামাজিক শিক্ষা কার্যক্রম | বয়স অনুযায়ী শিশুদের সামাজিক সচেতনতা শিক্ষা প্রদান করা হয়েছে।<br>৩-৫ বছর= আমি কে?<br>৬-৮ বছরে=১। সৌন্দর্য কি?, ২। আমার দেহ, আমার স্বাস্থ্য।<br>৯-১১বছর= ১। সৌন্দর্য কি?, ২। আমার দেহ, আমার স্বাস্থ্য। | দিনাজপুর সদর। | |
| | (২) জাতীয় শিক্ষা কার্যক্রম | ১৬০ জন শিশু দিনাজপুরের বিভিন্ন প্রাইমারী স্কুল, কিন্ডার গার্টেন, হাই স্কুলে ও কলেজে লেখাপড়া করছে। সপ্তাহের ৫দিন ২ঘন্টা ৩ জন স্পেশালিস্ট শিক্ষকের মাধ্যমে ৬ষ্ট-১০ম শ্রেণী পর্যন্ত স্পেশাল শিক্ষা প্রদান করা হচ্ছে। | | |
| | (৩) বাড়ি পরিদর্শন | এ মাসে ১২ জন শিশুকে মাসিক স্কুলের বেতন প্রদান করা হয়েছে। এর মোট পরিমান ২,০৪০ টাকা। | | |

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| এমকেপি | ❖ সমিতি সভা, ফোরাম সভা ও যোগাযোগ বৃদ্ধি | বিবেচ্য মাসে ৩৫টি দলে উঠান বৈঠকের মাধ্যমে নারী-পুরুষের মধ্যে সমতা উন্নয়ন, সিদ্ধান্ত গ্রহন, নারী নির্যাতন প্রতিরোধ, নারীর ক্ষমতায়ন, বাড়ীর আশেপাশের জমিতে সবজি চাষ এবং মাদকাসক্তির কুফল বিষয়ে আলোচনা করা হয়। | চেহেলগাজী, আউলিয়াপুর, সুন্দরবন ও উথরাইল ইউনিয়ন। | |
| সোসাইটি ফর উদ্যোগ | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) স্যানিটেশন কার্যক্রম<br>(৩) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন<br><br>(৪) কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে ৮৯ জনকে ২৮,৪২,০০০/- টাকা ঋণ দেয়া হয়। ঋণ আদায় করা হয় ২২,৯৯,২৯৮/- টাকা। সঞ্চয় আদায় করা হয় ২.৩০,০৮৬/- টাকা এবং সঞ্চয় ফেরত প্রদান করা হয় ৩,২২,৫৮৮/- টাকা।<br>বিবেচ্য মাসে উঠান বৈঠকে সদস্যদের স্যানিটেশন ব্যবহারে উদ্বদ্ধ করা হয়।<br>১ নং চেহেলগাজী, ৪নং শেখপুরা ইউনিয়ন ও পৌরসভায় দলীয় সদস্যদের মাঝে নারীর অধিকার আদায়, নারী শিক্ষা, বাল্যবিবাহ, যৌতুক, তালাক, বিরোধ নিস্পত্তি ইত্যাদি বিষয়ে উদ্বুদ্ধ করা হয়।<br>৩টি পুরুষ দলে ডেঙ্গু জ্বর নিয়ে সচেতনতা মূলক আলোচনা করা হয়। নিজ নিজ এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার পরামর্শ প্রদান করা হয়। | পৌরসভা<br>১নং ইউপি<br>৪নং ইউপি | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদেয়ের অনুরোধ করা হলো। |
| বিএসডিএ | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে ক্ষুদ্রঋণ দেওয়া হয় ৯,৭০,০০০/- টাকা এবং কৃষি ঋণ দেওয়া হয় ৩,২০,০০০/- টাকা। (কত জনের মধ্যে ঋণের টাকা বিতরণ করা হয় তা উল্লেখ করা হয়নি)<br>বর্তমানে বিএসডিএ-ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ৬০টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ১৬৫০জন। ৪২ জন শিক্ষিকাকে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ৪৫টি অভিভাবক সভা করা হয়েছে। | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| পল্লীশ্রী | (১) ঋণ কার্যক্রম<br>(২) বাল্য বিবাহ রোধ কার্যক্রম<br><br>(৩) সভা কার্যক্রম | বিবেচ্য মাসে ৬২,৮৭,০০০/- টাকা ঋণ বিতরণ ও ৬৯,৩৮,৯৯১/- টাকা ঋণ আদায় করা হয়।<br>বিবেচ্য মাসে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধের বিষয় নিয়ে আলোচনা করায় ৯৭ জন সদস্যের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাওয়ায় ৬০ জন যুব সদস্য বাল্য বিবাহ করবে না বলে অঙ্গিকার করেছে।<br>বিবেচ্য মাসে নারী ক্লাবে ০২টি সভা হয়েছে। সভার আলোচ্য বিষয় ছিল- যৌন ও প্রজনন স্বাস্থ্য অধিকার। | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| উত্তরণ | (১) প্রতিবন্ধী ব্যক্তি সনাক্তকরণ<br><br>(২) সহায়ক উপকরণ প্রদান | ২নং সুন্দরবন ইউনিয়ন পরিষদ হতে ২০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে উপজেল াসমাজসেবা কার্যালয়ে নিয়ে যাওয়া এবং পরিচয় পত্র পাওয়ার ব্যাপারে সনাক্ত করণ।<br>১০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে সহায়ক উপকরণ প্রদানের জন্য নির্বাচন করা হয়। | দিনাজপুর সদর | |
| গাওসুল আযম বিএনএসবি আই হসপিটাল | (১) আই কেয়ার সাপোর্ট<br><br>(২) কাতার ক্রিয়েটিং ভিশন | বিবেচ্য মাসে ৪০টি ক্যাম্পে রোগীর চোখ অপারেশন করা হয়। এছাড়া পিইসিতে ২৪ জন রোগীর চক্ষু পরীক্ষা করা হয় এবং ১৮৩ দরিদ্র রোগীদের বিনামূলে চক্ষু সেবা প্রদান করা হয়।<br>বিবেচ্য মাসে ৪৫০০ শিশুর চোখ স্ক্রীনিং, ২৫০ শিশুর গ্লাস প্রেসক্রাইবড, ৫০ জন শিশুর হাসপাতাল/ভিশন সেন্টার থেকে গ্লাস প্রোভাইড এবং ৬ জন দরিদ্র শিশুর চক্ষু সেবা সংক্রান্ত আর্থিক সহায়তা প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| **ADRA Bangladesh** | (১) স্কুলগামী শিশুদের শিক্ষাপ্রদান<br>(২) শিক্ষা উপকরণ প্রদান<br><br>(৩) শিশুদের পোশাক বিতরণ | বিবেচ্য মাসে ১৩ জন মেয়েকে সেন্ট ফ্রান্সিস জেবিয়ারস্কুলে ভর্তি করা হয়েছে এবং ২২টি কোচিং ক্লাশ সম্পন্ন করা হয়।<br><br>২০ জন মেয়েকে খাতা, কলম, পেন্সিল, স্কুলের বেতন সহ সমস্ত শিক্ষা উপরকণ প্রদান করা হয়।<br><br>বিবেচ্য মাসে ৩ জন মেয়েকে জন্ম দিনের উৎসব পোশা প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| গ্রাম বিকাশ কেন্দ্র | (১) শিক্ষা কার্যক্রম<br><br>(২) স্বাস্থ্য কার্যক্রম | বিবেচ্য মাসে ২৯০ জন আদিবাসী ছাত্র/ছাত্রী ১ম থেকে ৫ম শ্রেণী পর্যন্ত ১৪ টি কমিউনিটিতে পড়া-শুনার অগ্রগতির জন্য শিক্ষক-শিক্ষিকার মাধ্যমে শিক্ষা সহায়তা পাঠদান করা হচ্ছে।<br><br>বিবেচ্য মাসে ১৭টি নৃতাত্ত্বিক কমিউনিটির ১৭টি নলকূপের পানির আয়রন, ক্লোরাইড ও আরর্সেনিক পরীক্ষা করা হয় এবং উক্ত ১৭ টি কমিউনিটিতে ১৭ টি নলকূপ টয়লেট ও নতুন ৬টি সিএলসি স্থাপনের জন্য পরিকল্পনা ও খসড়া প্লান ইঞ্জিনিয়ারদের মাধ্যমে তৈরী করা হয়েছে। | দিনাজপুর সদর | |
| টিএমএসএস | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) ল্লিলাহ প্রদান<br><br>(৩) ঝুকিঁ বীমা প্রদান | বিবেচ্য মাসে টিএমএসএস মাইক্রো ফাইন্যান্স প্রোগ্রামের মাধ্যমে দিনাজপুর সদর উপজেলায় সদস্য ভর্তি করা হয়েছে ৫৪৯ জন সদস্য পদ প্রত্যাহার ৫০৮ জন ও সঞ্চয় আদায় ৬৩০২৭৪৫/ টাকা ক্ষুদ্র ঋন বিতরণ ৩৮৩০১০০০/ টাকা।<br>আগষ্ট/১৯ইং মাসে ১১ জন সদস্যকে ১১০০০ টাকা প্রদা করা হয়।<br>আগষ্ট/১৯ইং মাসে ৬ জন মৃত সদস্যদের মাঝে ৯৩৮৮০/- টাকা ঝুকিঁ বীমা প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| অনুঘটক | (১) বনায়ন কার্যক্রম<br><br>(২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে পরিবেশ বান্ধব নার্সারী করা হয় ০৫ টি।<br><br>বিবেচ্য মাসে মাদকজাত দ্রব্য জনসচেতনতা সভা করা হয় ০১টি। | দিনাজপুর সদর | |
| ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, নর্দান বাংলাদেশ রিজিওনাল ইন্টিগ্রেটেড কমিউনিটি ডেভেলপমেন্ট প্রকল্প | (১) স্বাস্থ্য, পুষ্টি, নিরাপদ পানি ও পয়: নিষ্কাশন কর্মসুচী<br><br>(২) জীবিকায়ন ও অর্থনৈতিক উন্নয়ন কর্মসুচী | ❖ পুষ্টি কর্মসূচি (শিশুর ওজন পরিমাপের মাধ্যমে শিশুর পুষ্ট মান নির্নয় ও শিশুর মাকে নিয়ে সচেতনতা/ অভ্যাসপরিবর্তনের জন্য সেশন) ৪৭১৬ জন (শিশু)<br>❖ শিশুর পুষ্ট কর্মসূচীর আওতায় জনসচেতনতা বৃদ্ধির জন্য মিটিং এ অংশগ্রহনকারী ১৬৪ জন মা।<br>❖ মাতৃ দুগ্ধ ও ৬ মাস বয়সের শিশুকে শুধুমাত্র মায়ের বুকের দুধ পান বিষয়ক মাদের সাথে সেশন- ৮৫৮ জন মা।<br>❖ সচেতনতা / অভ্যাস পরিবর্তনের জন্য পুষ্ট শিশুদের প্রতিযোগীতামুলক অনুষ্ঠানে- ৯৩ জন (শিশু)<br>❖ মাতৃ দুগ্ধ সপ্তাহ উদযাপন -৩টি (১৫৪ জন অংশগ্রহনকারী)<br>❖ আত্ব-বিশ্বাস ও সক্ষমতা বৃদ্ধির জন্য ৩৮০ জন হত দরিদ্র পরিবারের সদস্যের প্রশিক্ষণ প্রদান।<br>❖ আত্ব-কর্ম সংস্থান বৃদ্ধির জন্য ২২৩জন হত দরিদ্র পরিবারের সদস্যের সহায়তা প্রদান।<br>❖ সঞ্চয় বৃদ্ধি বিষয়ে ২০জন হত দরিদ্র পরিবারের সদস্যের সক্রিয় সঞ্চয়ীস ংস্থার সাথে মিটিং।<br>❖ আত্ব-কর্মসংস্থান বিয়য় কাযক্রম পরিচালনার জন্য ১২ জন সহায়তাকারীকে পারিশ্রমিক প্রদান। | পৌরসভা, আউলিয়া পুর, চেহেলগাজী শেখপুরা ইউনিয়ন | |

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| | (৩) জন সম্পৃক্তকরণ ও স্পঙ্গরশীপ পরিকল্পনা | ❖ শিশু নির্যাতন, সহিংষতা রোধ বিষয়ক সচেতনতা ও শিশু বিয়য়ক কার্যক্রম অংশগ্রহনকারী- ৯২জন (শিশু ও মহিলা) ।<br>❖ শিশু শ্রম ও নির্যাতন রোধের জন্য সচেতনতামূলক সেশনে অংশগ্রহনকারী- ৫১৯জন ।<br>শিশু বিষয়ক অন্যান্য কাযক্রমে ২৯৭৩(শিশু) | | |
| এমবিএসকে | (১) ঋণ কার্যক্রম<br>(২) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br>(৩) শিক্ষা কার্যক্রম প্রশিক্ষণ সহ<br>(৪) স্যানিটেশন কার্যক্রম<br>(৩) প্রবীন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন | বিবেচ্য মাসে আয় বর্ধনমূলক খাতে ১৭.৮৫ কোটি টাকা, জীবনযাত্রার মানোন্নয়ন খাতে ৭৬.২৬ কোটি টাকা ও সম্পদ সৃষ্টি খাতে ২.২৪ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>৫ নং শশরা ইউনিয়নের ৬৬৪২টি খানার মধ্যে ২৮০০০ জন উপকারভোগী রয়েছে। উক্ত ইউনিয়নে ১০০% স্বাস্থ্যসেবা নিশ্চিত করণের লক্ষ্যে ০২জন এমবিবিএস ডাক্তার, ০২ জন প্যারামেডিকেল ডাক্তার এবং ১৪ জন স্বাস্থ্য সহকারীর মাধ্যমে প্রতিনিয়নত স্বাস্থ্যসেবা প্রদান করা হচ্ছে।<br>৫ নং শশরা ইউনিয়নের ১৯ টি গ্রামে ৫১ টি বিদ্যালয়ে ৫১ জন শিক্ষাকার মাধ্যমে মোট ১১৩৫ জন ছাত্র ছাত্রীকে শিক্ষা প্রদান করা হচ্ছে।<br>দরিদ্র জনগোষ্ঠীর স্যানিটেশন পণ্য ক্রয় করার জন্য অর্থের যোগান দিয়ে উন্নত ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবহারে অভিগম্যতা বৃদ্ধি করার লক্ষ্যে সংস্থা স্যানিটেশন উন্নয়ন প্রকল্প (SDL) বাস্তবায়ন করছে।<br>প্রবীন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় চলতি মাসে ৭৯ জন অসহায় শারীরীকভাবে প্রতিবন্ধী প্রবীন ব্যক্তিকে ৫৫০ টাকা করে বয়স্ক ভাতা প্রদান করা হয়। এ পর্যন্ত ৩৮৫০০০ টাকা বয়স্ক ভাতা প্রদান করা হয়। | দিনাজপুর সদর ও ৫ নং শশরা ইউপি | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| এসবিও | (১) বৃক্ষরোপন কর্মসূচী<br>(২) বস্তি উন্নয়ন প্রকল্প | বিবেচ্য মাসে বৃক্ষরোপন কর্মসূচীর পরিচর্যার কাজ চলমান রয়েছে।<br>বিবেচ্য মাসে বস্তি বাসিদের নিয়ে ২টি মিটিং করা হয়। সেখানকার অবকাঠামোগত উন্নয়ন বিষয় যেমন ড্রেনেজ ব্যবচস্থা উন্নয়ন ও রাস্তার উন্নয়নে কাজ করা হয়। | দিনাজপুর সদর | |
| ব্লাস্ট | ❖ আইন সহায়তা কার্যক্রম | বিবেচ্য মাসে অভিযোগ গ্রহন করা হয় ৪২ টি, পরামর্শ প্রদান করা হয় ৩১ টি, মামলা দায়ের ০৪ টি, মামলা নিষ্পত্তি ০২ টি। | দিনাজপুর সদর | |
| ওয়াইডাব্লিউসিএ | ১। শিক্ষা কার্যক্রম<br>২। ঋণ কার্যক্রম | বিবেচ্য মাসে নার্সারী ও ফ্রি স্কুলের ছাত্র-ছাত্রীদের যথা রীতি ক্লাস শুর হয়েছে, ২য় সাময়ীকপরীক্ষা গ্রহণ করা হয়েছে।<br>বিবেচ্য মাসে ১৪ জনকে ২,৫৪,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। এমাসে ঋণ আদায় করা হয় ৩,২৫,২৭১/- টাকা। সঞ্চয় আদায় হয় ৩৪,৭২৭/- টাকা। | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদেয়ের অনুরোধ করা হলো। |
| অনন্যা সংস্থা | ১) প্রতিবন্ধী উন্নয়ন কর্মসূচী<br>২) দিবস পালন | ❖ ০৮ জন প্রতিবন্ধীকে ব্যায়াম পরামর্শ দেওয়া হয়, ০১ জনকে চক্ষু হাপাতালে রেফার করা হয়, ০২টি সচেতনতামূলক সভা করা হয়।<br>১৫ আগস্ট-জাতীয় শোক দিবস উপলক্ষে অফিসের জাতীয় পতাকা অর্ধনমীত রাখা হয় এবং আলোচনা সভা করা হয়। | দিনাজপুর সদর | |
| গ্রাম উন্নয়ন প্রচেষ্টা | (১) গ্রুপ মিটিং | বিবেচ্য মাসে গ্রুপ মিটিং ১২ টি এবং যুব দলের মিটিং ০১ টি সম্পূর্ন করা হয়। | দিনাজপুর সদর। | |

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ❖ অন্যান্য/বিবিধ | | যেসকল সংস্থা মাসিক প্রতিবেদন জমা দেন নাই তাদের কে আগামী মাস হতে বিনা ব্যর্থতায় প্রতিবেদন জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।<br>উল্লেখযোগ্য সংস্থাগুলো হলো- কাঞ্চন, সিডিডি, সিডিএ, এসইউপিকে, অরবিন্দু শিশু হাসপাতাল, পল্লী বন্ধু, ইএসডিও, নারীর জন্য নারী, অন্বেষন ইত্যাদি। | | |
| ❖ যে সকল সংস্থা সভায় উপস্থিত হয় নাই | | অরবিন্দু শিশু হসপিটাল, কাঞ্চন, এসইউপিকে, পল্লী বন্ধু, প্রত্যাশা, ইত্যাদি সংস্থা সভায় উপস্থিত হয় নাই। | | |

## আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তসমূহঃ

১। প্রতিটি সংস্থা তাদের প্রতিবেদনে সুনিদিষ্টভাবে গৃহীত কার্যক্রম দাখিল করবেন এবং প্রতিটি সংস্থাকে প্রতি মাসের ১ হতে তারিখ থেকে ৭ তারিখের মধ্যে মাসিক সভায় কার্যবিবরনীর ছক মোতাবেক মাসিক প্রতিবেদন জমা দেওয়ার জন্য সিদ্ধার্ন্ত গৃহিত হয়। প্রতিটি এনজিওকে প্রকল্প শুরুর প্রাক্কালে এফ ডি-৬ এর কপি উপজেলা সমাজসেবা অফিসারে এর নিকট জমা দেওয়ার সিদ্ধার্ন্ত গৃহিত হয় এবং প্রকল্প চলাকালে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিকে সক্রিয়ভাবে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সিদ্ধার্ন্ত সভায় গৃহীত হয়।

২। সকল এনজিও/সংস্থা কর্তৃক প্রদেয় স্যানিটেশনসহ সকল সুবিধা প্রদানের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের অনুমতিক্রমে এলাকা নির্বাচনের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।

৩। যে সকল এনজিও কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানে ল্যাট্রিন প্রদানের ব্যবস্থা গ্রহণ করে থাকেন তাঁদের ল্যাট্রিন প্রদানের একটি তালিকা জনস্বাস্থ্য প্রকৌশলীকে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

৪। অত্র উপজেলার ভিক্ষুক পুর্নবাসনের জন্য ভিক্ষুকের তালিকা মাসিক প্রতিবেদনে এনজিও প্রতিনিধিগন দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহীত হয়।

৫। সভার কার্যবিবরনীর ছক অনুযায়ী মাসিক প্রতিবেদন প্রদান করার জন্য উপস্থিত সকল এনজিওকে অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন অন্তে সভার সমাপ্তি ঘোষনা করেন।


মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
দিনাজপুর সদর, দিনাজপুর।
ফোন নং: ০৫৩১-৬৫১২২
E-mail: unodinajpur@mopa.gov.bd

## পরিশিষ্ট - 'ক'

উপস্থিত সদস্যদের নাম ও পদবী (স্বাক্ষরের ক্রমানুসারে)

১. জনাব মো: আসাদুজ্জামান, উপজেলা সমাজসেবা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর ”
২. জনাব মোঃ মহসিন আলী, জেলা ব্রাক প্রতিনিধি, ব্রাক আঞ্চলিক অফিস, বাশেরহাট, দিনাজপুর। ”
৩. জনাব মোঃ আব্দুল হান্নান আজাদ, এরিয়া ম্যানেজার, সনাক-টিআইবি, উত্তর বালুবাড়ী, দিনাজপুর ”
৪. জনাব জান্নাতুস সাফা শাহীন, প্রেসিডেন্ট, কেএমডিএস, ক্ষেত্রিপাড়া, সদর, দিনাজপুর ”
৫. জনাব মো: রাশেদুল ইসলাম, শাকা ব্যবস্থাপক, এস.কে.এস ফাউন্ডেশন, উপশহর-০৫, দিনাজপুর ”
৬. জনাব মো: আলাউদ্দিন, মাঠ কর্মকর্তা, কারিতাস বাংলাদেশ, দিনাজপুর সদর, দিনাজপুর ”
৭. জনাব স্বপ্না সুবর্না তপন, জেনারেল সেক্রেটারী, ওয়াইডা খ্রিসিত্র, পুলহাট, বড়পুল, দিনাজপুর ”
৮. জনাব মুর্শেদা পারভীন মলি, সহকারী অফিসার, ডি.ও, পি.ও, এমবিএসকে, সদর, দিনাজপুর ”
৯. জনাব দীনো দাস, প্রোগ্রাম অফিসার, ওয়াল্ড ভিশন, ঈদগা-আবাসিক এলাকা, দিনাজপুর ”
১০. জনাব প্রবীর কুমার সিংহ, জেলা সমন্বয়কারী, পি.এস.টি.সি, নিমনগর, বালুবাড়ী, দিনাজপুর ”
১১. জনাব শাহানাজ পারভীন, ফিল্ড সুপারভাইজার, পি.এস.টি.সি সংযোগ, নিমনগর বালুবাড়ী, দিনাজপুর ”
১২. জনাব মামুনুর রহমান, এফ.এস, পি.এস.টি.সি সংযোগ, নিমনগর, বালুবাড়ী, দিনাজপুর ”
১৩. জনাব মো: মোকসেদুর রহমান, সুপার ভাইজার, সোসাইটিকর উদ্যোগ, ঘাসিপাড়া, সদর, দিনাজপুর ”
১৪. জনাব মো: নুরজ্জামান, প্রোগ্রাম ম্যানেজার, নিরা সংস্থা, মির্জাপুর, সদর-দিনাজপুর ”
১৫. জনাব অজয় হালদার, হিসাব রক্ষক, আমইর টি.ডি.এস.পি.বিডি ২৪৫, নশিপুর, সদর, দিনাজপুর ”
১৬. জনাব শাহেজোনী শিরী, এম.এল.বি, পল্লী শ্রী, বালুবাড়ী, দিনাজপুর ”
১৭. জনাব শামীম আখতার, পি. ইউ, পল্লী শ্রী, বালুবাড়ী, দিনাজপুর ”
১৮. জনাব মো: ইয়াসিন আলী, জেলা সমন্বয়কারী, মানব কল্যান পরিষদ, বালুবাড়ী, দিনাজপুর ”
১৯. জনাব নাজমা বেগম, আঞ্চলিক সমন্বয়কারী, সিডিএ, দিনাজপুর ”
২০. জনাব মো: আনোয়ারুল ইসলাম বাবলু, নির্বাহী পরিচালক, অনুঘটক, ডেরাগলী-২, রামনগর, দিনাজপুর ”
২১. জনাব পুলিন চন্দ্র রায়, প্রোগ্রাম সমন্বয়কারী, নিরাপদ বাংরাদেশ সংস্থা, সুন্দবন সদর, দিনাজপুর ”
২২. জনাব সেবাষ্টিয়ান হেম্বম, লিগ্যাল প্রযোটার, এন.ডি.এফ-ডাঙ্গাপাড়া, সদর, দিনাজপুর ”
২৩. জনাব মো: তরিকুল ইসলাম, আর.এম, "আশা"-দিনাজপুর সদর, রাহুল প্লাজা, ৭নং নিউটাউন, দিনাজপুর ”
২৪. জনাব গৌল সরকার, এসিদিন এ্যাডমিন অফিসার, এ্যাডরা বাংলাদেশ হাউজ অফ হোল্ড, উত্তর বালুবাড়ী, দিনাজপুর ”
২৫. জনাব হান্না রায়, হাউজ মাদার, এ্যাডরা বাংলাদেশ হাউজ অফ হোল্ড, উত্তর বালুবাড়ী, দিনাজপুর ”
২৬. জনাব উষ্টের আল্পনা দাস, প্রকল্প ব্যবস্থাপক, শাহীপাড়া বি.ডি-০২২৫, কম্প্যাশন ইন্টারন্যাশনাল বাংলাদেশ ”
২৭. জনাব মো: জাহাঙ্গীর আলম, উপজেলা, সমন্বয়কারী, ডেম ক্রেসিওয়াচ, জেমক্রেমিওয়াচ ”
২৮. জনাব রেবেকা সুলতানা, সি.বি.এম, মেরী স্টেপস বালুবাড়ী, আর.সি ”
২৯. জনাব মিথুয়েল হেম্রম, হিসাব রক্ষক, মুরমিশন বাংলাদেশ, পশ্চিম শিবরামপুর, সদর, দিনাজপুর ”
৩০. জনাব শৈলেন চন্দ্র রায়, ডিজঅ্যাবিমিটি ইনফ্লুশন, সেন্টার ফর ডিজএ্যাবি, ডেভেলপমেন্ট সিডিডি, দিনাজপুর ”
৩১. জনাব মো: গোলাম স্কান্দার, প্রোগ্রাম অফিসার শিক্ষা, বি.এস.ডি.এ. অফিস, ঈদগা-আবাসিক এলাকা, দিনাজপুর ”
৩২. জনাব মো: শাহীনুর ইসলাম, প্রোগ্রাম সমন্বয়কারী, একপিত্রবি, ঘাসিপাড়া, দিনাজপুর ”
৩৩. জনাব রাবেয়া খাতুন, হিসাব রক্ষক, অনন্যা সংস্থা, ঈদগাবস্তি, দিনাজপুর ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
দিনাজপুর সদর, দিনাজপুর।

স্মারক নং- ৪১.০১.২৭৬৪.০০০.০৫.০০৫.২০১৯. ৯২২

তারিখ ঃ ২২ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। চেয়রম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

৪। উপজেলা..........................কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর।
৫। চেয়ারম্যান ,..................নং .............ইউপি সকল দিনাজপুর, দিনাজপুর।
৬। জনাব.......................................এনজিও প্রতিনিধি দিনাজপুর সদর, দিনাজপুর।

২২/৯/১৯

মোঃ আসাদুজ্জামান
উপজেলা সমাজসেবা অফিসার
দিনাজপুর সদর,দিনাজপুর